| ছেলে হোক, মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট। |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ ।
www.fpo.naogaonsadar.naogaon.gov.bd

নং-৫৯.১১.৬৪৬০.০০০.০০১.০৬.০০০২.২৫- ২৬১

তারিখঃ- ২৯ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ। / ১৪ ডিসেম্বর ,২০২৫ খ্রিষ্টাব্দ।

## বিভাগীয় কর্মকর্তা/কর্মচারিগণের সমন্বয়ে অনুষ্ঠিত নভেম্বর/২০২৫ খ্রিঃ মাসের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:-

**সভাপতি:** জনাব মোঃ আব্দুর রহমান প্রামানিক,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ ।

**সভার স্থানঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হলরুম,(পরিবার পরিকল্পনা ভবন-২য় তলা,চকবিরাম), নওগাঁ সদর, নওগাঁ।

**সভার তারিখ ঃ** ১৬ নভেম্বর,২০২৫ খ্রিঃ ।

**সভার সময় ঃ** সকাল ১০:৩০ মিনিট ।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় অদ্যকার সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংযোজন বা বিয়োজন ছাড়াই সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয় ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা বিষয়ে সার্বিক অগ্রগতি | নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন অক্টোবর/২০২৫খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৪,৯০৭ জন যার মধ্যে ২৩৪৩৩ জন খাবার বড়ি, ৫৬৫১ জন কনডম, ৮৮০৬ জন ইনজেকশন, ৩৪১৪ জন ইমপ্লান্ট, ৬৬১ জন আইইউডি, ৩৩০ জন পুরুষ এবং ৭৪৫৪ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৪৯৭৪৯ জনএবংপদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.৬৫ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ২৭৫৮ চক্র খাবার বড়ি, ২৪১২ পিস কনডম (নিরাপদ) বিতরণ, ১০৬৮ভায়াল, ১২ টি ইমপ্লান্ট (জেডেল) বিতরণ করা হয়েছে। | বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | বিভাগীয় সকল কর্মকর্তা / কর্মচারী |
| মা ও শিশু স্বাস্থ্য | বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৩৮৬ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৪২ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে।অক্টোবর/২৫ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১৬১২ জন। ০৪টি পরিদর্শণের মাধ্যমে মোট ৮৪৬ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ৬৭০ জন মা ও নবজাতককে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১৭৪১ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। | স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| কীশোর/ কীশোরী সেবা | কীশোর/কীশোরীর৫৫২ জনকে বয়ঃসন্ধিকালীণ সেবা, ৫৯২ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল, ৫৯৫জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৬১০ জনকে পুষ্টিকর খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কৈশোর সহিংসতা ও প্রতিরোধ বিষয়ে ৪৭১ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৪৬৬ জনকে এবং ৫৫১ জনকে পরিস্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ৩৪ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ৮টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে। | কিশোর/কীশোরীদের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| মালামাল সংক্রান্ত | DDS Kit এ প্যাকেটের গায়ে ওজন ২০kg লেখা থাকে কিন্তু ওজন মেপে দেখা যায় ১৪ kg, MSR এ ডায়াজিপাম ফেরত দেওয়া বিষয়ে আলোচনা করা হয়। | যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | UFPO |
| ইমপ্লান্ট পরবর্তী Objection | বোয়ালিয়া ইউনিয়ন এর FPI মো: আতিক জানান, তার field এ ইমপ্লান্ট পরা সত্তেও cliant গর্ভবতী হয়। এ বিষয়ে উপজেলা অফিস থেকে সার্বিক সহযোগিতা আশা করেন। | উপজেলা অফিস থেকে সার্বিক সহযোগিতা করার আশ্বাস প্রদান করা হয়। | অত্র ইউনিয়নের FPI ও FWA । |
| স্যাটেলাইট ক্লিনিক | স্যাটেলাইট ক্লিনিক প্রয়োজন ও গুরুত্ব বিবেচনায় বন্ধ অথবা চালু রাখা বিষয়ে আলোচনা করা হয়। বর্ষাইল ইউনিয়নে স্যাটেলাইট ক্লিনিকে ইনজেকশন না হওয়া বিষয়ে আলোচনা করা হয়। স্যাটেলাইট ক্লিনিকের সেবাসমূহ গর্ভবতী, PPFP, শিশু স্বাস্থ্যসেবা সহ পদ্ধতি গ্রহীতার পার্শ্বপ্রতিক্রিয়া বিষয়ে সেবা প্রদানের আলোচনা করা হয়। | বাড়ির মালিকের / গন্যমান্য ব্যক্তির মোবাইল নাম্বার ও স্বাক্ষর নিতে হবে। আরো সচেতনতার সাথে সেবা প্রদান করতে হবে। | FWV/FPI/ FWA |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উঠান বৈঠক | উঠান বৈঠক করে এর রেজুলেশন FPI এর প্রতিস্বাক্ষরসহ উপজেলা অফিসে জমা প্রদান এবং রেজিস্টার Maintain করার বিষয়ে আলোচনা করা হয়। | হাজিরা নিতে হবে, স্যাটেলাইট ক্লিনিক, ইপিআই কেন্দ্রের ছবি সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল FPI ও FWA। |
| তারুণ্যের উৎসব | তারুণ্যের উৎসব এর আওতায় নিম্নোক্ত প্রোগ্রাম করতে হবে - ১। স্কুল স্বাস্থ্য শিক্ষা ২। নব দম্পত্তিদের সভা এবং উঠাণ বৈঠক চালিয়ে যাওয়া বিষয়ে আলোচনা করা হয়। | চলতি মাসে হাপানিয়া স্কুল এন্ড কলেজে ৬ষ্ঠ- ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে স্কুল স্বাস্থ্য শিক্ষা প্রোগ্রাম করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউনিয়নের SACMO/ FWV/FPI/ FWA সকল |
| বিবিধ | ইনজেকশন বৃদ্ধির বিষয়ে পদক্ষেপ সংক্রান্ত আলোচনা, ANC কার্ড এ যাচাইকৃত লিখে সিল দেওয়া, সকল SACMO/FWV/FPI/ FWA দের কর্মস্থলে অবস্থান বাধ্যতামূলক বিষয়ে সর্বশেষ নির্দেশনা সভায় পাঠ করে শোনানো হয়, কর্মস্থলে হাজিরা দিয়ে Location Track করে ছবি Social Media (Whatsapp) এ আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | উল্লখিত বিষয়ে আরো সচেতনতার সাথে দায়িত্ব পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | SACMO/ FWV/FPI/ FWA |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুর রহমান প্রামানিক
পরিচিতি নং-১০০১৫৮
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর,নওগাঁ।
ও
সভাপতি
উপজেলা পরিবার পরিকল্পনা মাসিক পর্যালোচনা সভা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১.পরিচালক(প্রশাসন)/(এমআইএস)/(আইইএম)/(উপকরণ ও সরবরাহ)/(অর্থ)/(নিরীক্ষা)/(পরিকল্পনা)/(এমসিএইচ-সার্ভিসেস),পরিবার পরিকল্পনা অধিদপ্তর,৬ কাওরান বাজার,ঢাকা।
২.পরিচালক,পরিবার পরিকল্পনা,রাজশাহী বিভাগ,রাজশাহী।
৩.উপপরিচালক,পরিবার পরিকল্পনা,নওগাঁ।
৪.সহকারী পরিচালক(পঃপঃ/সিসি),পরিবার পরিকল্পনা,নওগাঁ।
৫.উপজেলা নির্বাহী কর্মকর্তা,নওগাঁ সদর,নওগাঁ।
৬.মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি),নওগাঁ সদর,নওগাঁ।
৭.মেডিকেল অফিসার(ক্লিনিক),মা ও শিশু কল্যাণ কেন্দ্র,নওগাঁ।
৮.সহকারী প্রকৌশলী,স্বাস্থ্য শিক্ষা বিভাগ,নওগাঁ।
৯.জান্নাতুল ফেরদৌস,উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, নওগাঁ সদর,নওগাঁ(পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০. এসএসিএমও/ফার্মাসিস্ট/এফডব্লিউভি/পরিবার পরিকল্পনা পরিদর্শক/এফডব্লিউএ, (সকল)... . . . . . . . . . .,নওগাঁ সদর,নওগাঁ।
১১.অফিস নথি/২৫।